# ঝাড়গ্রাম রাজ কলেজ

(বিদ্যাসগর বিশ্ববিদ্যালয় অনুমোদিত)

**স্নাতকোত্তর বাংলা চতুর্থ ষণ্মাস মূল্যায়ন ২০২৪**

**পত্র : BNG 401**

**পূর্ণমান : ৪০** **সময় : ২ ঘণ্টা**

## বিভাগ – ক

**যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :** **১০ X ২ = ২০**

১.'কথান্তর' কী? লোকসাহিত্যের কথান্তরগুলির সংগ্রহ ও সংরক্ষণ কেন প্রয়োজন তা দৃষ্টান্তসহ আলোচনা করো।

২. বঙ্গদর্শনে প্রকাশিত 'রজনী'র সঙ্গে গ্রন্থাকারে প্রকাশিত 'রজনী'র যে গঠনগত পার্থক্য দেখা যায় তা পর্যালোচনা করো।

৩. রাজর্ষি উপন্যাস থেকে 'বিসর্জন' নাটকে রূপান্তরের সময় কী কী কাহিনীগত পরিবর্তন সাধিত হয়েছে আলোচনা করো।

৪. রাজশেখর বসুর অনূদিত মেঘদূত (পূর্বমেঘ) অনুসরণে মেঘের যাত্রাপথের পরিচয় দাও।

## বিভাগ – খ

**যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :** **৫ X ৪ = ২০**

৫. বাংলা ছড়ার কথান্তর বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।

৬. 'মেঘদূত' কাব্যের যক্ষের পরিচয় দাও ও নিম্নলিখিত শ্লোকটির বঙ্গানুবাদ করো –

> "রত্নচ্ছায়া-বাতিকর ইব প্রেক্ষ্যমেতৎ পুরস্তাৎ বল্মীকাগ্রাৎ প্রভবতি ধনুঃখণ্ডমাখণ্ডলস্য।
> যেন শ্যামং বপুরতিতরাং কান্তিমাপৎস্যতে তে বর্হেণের দূরিতরুচিনা গোপবেশস্য বিষ্ণোঃ"

৭. 'রাজর্ষি' উপন্যাসে অনুপস্থিত অপর্ণা চরিত্রটি, 'বিসর্জন' নাটকে আসায় নাটকের কোন উদ্দেশ্য সিদ্ধ হয়েছে?

৮. 'বঙ্গদর্শনে' প্রকাশের সময় এবং গ্রন্থাকারে প্রকাশের সময় 'রজনী' উপন্যাসে পাঠান্তর ঘটেছে এমন পাঁচটি ঘটনার উল্লেখ করো।

৯. 'পাঠান্তর' বলতে কী বোঝ? সাহিত্যে পাঠান্তরের প্রয়োজনীয়তা কী?

১০. 'মেঘদূতে'র পূর্বমেঘ অংশে যে সকল নদীর পরিচয় পাওয়া যায় তার বর্ণনা দাও।

---------------

# ঝাড়গ্রাম রাজ কলেজ

(বিদ্যাসগর বিশ্ববিদ্যালয় অনুমোদিত)

**স্নাতকোত্তর বাংলা চতুর্থ ষণ্মাস মূল্যায়ন ২০২৪**

**পত্র : BNG 402**

**পূর্ণমান : ৪০**

**সময় : ২ ঘণ্টা**

## বিভাগ – ক

**যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :**

১০ X ২ = ২০

১. 'নাটাশাস্ত্র'-এ কটি স্থায়ীভাবের উল্লেখ আছে ও কী কী? সঞ্চারীভাব রসপরিণতি লাভ করতে পারে না কেন? ধ্বনিপ্রস্থানের মূল বক্তব্যটি সংক্ষেপে আলোচনা করে অভিনবগুপ্তের রসধ্বনির ধারণাটি ব্যাখ্যা করো।

২. 'বীররস' বিষয়ে আলঙ্কারিক বিশ্বনাথের অভিমত ব্যাখ্যা করো।

৩. 'উজ্জ্বলনীলমনিঃ' গ্রন্থ অবলম্বনে উজ্জ্বল বা শৃঙ্গাররসের প্রকারভেদ করো।

৪. প্রাকৃত সত্য থেকে বহুগুণ অত্যুক্তিময় সাহিত্যের সত্যকে রবীন্দ্রনাথ বলেছেন 'অধিকতর সত্য'। 'সাহিত্যের বিচারক' প্রবন্ধ অবলম্বনে রবীন্দ্রনাথের এই বক্তব্যের যথার্থতা বিচার করো।

## বিভাগ – খ

**যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :**

৫ X ৪ = ২০

৫. বামনের রীতিপ্রস্থানের সীমাবদ্ধতাগুলি সংক্ষেপে আলোচনা করো।

৬. কুন্তকের বক্রোক্তিতত্ত্বের মূল বক্তব্যটি সংক্ষেপে লেখো।

৭. অলঙ্কারশাস্ত্রের পরিভাষা অনুসারে মাধুর্য্য নামক গুণটির পরিচয় দাও।

৮. শান্তরসের বিভাব বিষয়ে আচার্য্য বিশ্বনাথ কী মত প্রকাশ করেছেন?

৯. 'উজ্জ্বলনীলমনিঃ' অনুসরণে 'অনুকূল', 'দক্ষিণ', 'শঠ' ও 'ধৃষ্ট' নায়ক বলতে কী বোঝায় সংক্ষেপে লেখো।

১০. "কাব্যে বিষয়ীর আত্মতা ছিল উনিশ শতাব্দীতে, বিশ শতাব্দীতে বিষয়ের আত্মতা।" সংক্ষেপে ব্যাখ্যা করো।

----------------

# ঝাড়গ্রাম রাজ কলেজ

(বিদ্যাসগর বিশ্ববিদ্যালয় অনুমোদিত)

**স্নাতকোত্তর বাংলা চতুর্থ ষণ্মাস মূল্যায়ন ২০২৪**

**পত্র : BNG 403**

**পূর্ণমান : ৪০** **সময় : ২ ঘণ্টা**

## বিভাগ – ক

**যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :** **১০ X ২ = ২০**

১. সাহিত্যপাঠে ফেমিনিজম কেন গুরুত্বপূর্ণ? ফেমিনিজম তত্ত্ব-ধারণার আলোকে তোমার পাঠ্য যে কোনো একটি রচনা বিশ্লেষণ করো।

২. ক্যাথারসিস (Catharsis) কী? ক্যাথারসিসের প্রক্রিয়াটি বিশ্লেষণ করো।

৩. কোলরিজ এর মতে প্রাইমারি ইমাজিনেশন (Primary Imagination) কী? এটি কীভাবে সেকেন্ডারি ইমাজিনেশন (Secondary Imagination) এর থেকে আলাদা তা 'বায়োগ্রাফিয়া লিটারেরিয়া' অবলম্বনে সংক্ষেপে আলোচনা করো।

৪. প্রতীক (Symbol) ও রূপক (Allegory) বিষয়ে ইয়েটসের বক্তব্য বিশ্লেষণ করো।

## বিভাগ – খ

**যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :** **৫ X ৪ = ২০**

৫. উনবিংশ শতকের 'সতী' নারীকে গায়ত্রী চক্রবর্তী স্পিভাক কেন "সাবঅল্টার্ন" বলেছেন, আলোচনা করো।

৬. অ্যারিস্টটলের 'পোয়েটিক্স' অবলম্বনে মহাকাব্য ও ট্র্যাজেডির সাদৃশ্যগুলি সূত্রাকারে লেখো।

৭. 'willing suspension of disbelief' কী? কোলরিজ-এর সাহিত্যতত্ত্বে এই ধারণাটির গুরুত্ব বিচার করো।

৮. কোন প্রবন্ধের বিরোধিতা করে 'A Defense of Poetry' লেখা হয়েছিল? এই প্রবন্ধে কবিতার চার যুগকে কীভাবে ব্যাখ্যা করা হয়েছে, আলোচনা করো।

৯. রোসেটি-এর আঁকা 'Annunciation' এবং 'Childhood of Mary Virgin' সম্পর্কে ইয়েটস-এর বক্তব্য আলোচনা করো।

১০. 'ঐতিহ্য' সম্পর্কে টি. এস. এলিয়টের ধারণাটি সংক্ষেপে আলোচনা করো।

----------------

# ঝাড়গ্রাম রাজ কলেজ

(বিদ্যাসগর বিশ্ববিদ্যালয় অনুমোদিত)

**স্নাতকোত্তর বাংলা চতুর্থ ষণ্মাস মূল্যায়ন ২০২৪**

**পত্র : BNG 404**

**পূর্ণমান : ৪০**

**সময় : ২ ঘণ্টা**

## বিভাগ – ক

**যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :**

১০ X ২ = ২০

১. বরাকের ভাষা আন্দোলনের প্রেক্ষিত ও বিকাশ সম্পর্কে আলোচনা করো।

২. 'নো ম্যানস ল্যান্ড আসলে পার্টিশন প্রবহমানজাত ক্ষত। তাই দেশভাগের ফলশ্রুতি হিসেবে নো ম্যানস ল্যান্ডের সাহিদাকে অনেকেই পার্টিশনের সাহিত্য হিসেবে পড়তে চান। যদিও সময়, অবস্থান ও বৈশিষ্ট্যের নিরিখে পার্টিশনের সাহিত্য হিসেবে না পড়ে, এগুলিকে পোস্ট-পার্টিশনের সাহিত্য হিসেবেও পড়া যেতে পারে। তোমার পড়া গল্পগুলির সাপেক্ষে মতটি বিচার করো।

৩. 'রবীন্দ্রনাথের কাব্যভাবনার সাথে হিন্দি সাহিত্যের আর এক করি মহাদেবী বর্মার কাব্যভাবনাগত বিভিন্ন ঐক্যের সম্মিলন লক্ষ করা যায়'।- রবীন্দ্রনাথ ঠাকুরের 'সীমার মাঝে অসীম তুমি' এবং মহাদেবী বর্মার 'ক্যা পূজন ক্যা অর্চন রে' কবিতা দুটির বিশ্লেষণের মধ্যে দিয়ে অভিমতটির গুরুত্ব বিচার করো।

৪. মুক্তিযুদ্ধের আবেগ, উপলব্ধি, তৎকালীন আর্থ সামাজিক রাজনৈতিক প্রেক্ষিত, মুক্তিযুদ্ধের বাস্তবতা নিবিড়ভাবে ধরা পড়েছে বাংলা ছোটগল্পের আখ্যানে। মন্তব্যটি বিশ্লেষণ করো।

## বিভাগ – খ

**যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :**

৫ X ৪ = ২০

৫. মানভূমের ভাষা আন্দোলনের সংক্ষিপ্ত পরিচয় দাও।

৬. 'মানুষের চরম দারিদ্র্যকে শিহরণ জাগানো অনুভূতিতে পৌঁছে দিয়ে গল্পকার না-দেখা যে জীবন, তারই প্রতি অঙ্গুলি নির্দেশ করেছেন।' বদরুজ্জামান চৌধুরীর 'মানুষ' গল্প অবলম্বনে মন্তব্যটি বিশ্লেষণ করো।

৭. সতীনাথ ভাদুড়ীর ছোটগল্পে বিহারের আর্থ-সামাজিক প্রেক্ষাপট কীভাবে প্রতিফলিত হয়েছে তার পরিচয় দাও।

৮. জ্যোতিপ্রসাদ আগরওয়ালার 'কারেঙর লিগিরী' এবং জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের 'স্বপ্নময়ী' নাটক দুটির মধ্যে যে নামকরণগত সাদৃশ্য রয়েছে তার সংক্ষিপ্ত পরিচয় দাও।

৯. টীকা লেখো- বাংলা সাহিত্য বনাম বাংলাদেশের সাহিতা।

১০. 'ছোটগল্পের চরিত্র সৃষ্টির ক্ষেত্রে হরিশংকর জলদাস যথেষ্ট মুন্সিয়ানার পরিচয় দিয়েছেন।' মন্তব্যটির যাথার্থ্য বিচার করো।

--------------